

# 'অবৈধ পার্কিং উচ্ছেদ করবই'

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

রাজধানীর তেজগাঁওয়ে রাস্তার ওপর থাকা বাস ও ট্রাকের অবৈধ পার্কিং উচ্ছেদ করা হবে বলে দৃঢ়তার সঙ্গে আশাবাদ ব্যক্ত করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। এজন্য তিনি সবাইকে এক হয়ে রাস্তায় নামার আহ্বান জানান।

রবিবার দুপুর সোয়া ২টার দিকে ঢাকা উত্তর সিটি করপোরেশনের উদ্যোগে তেজগাঁও ট্রাকস্ট্যান্ডে

উচ্ছেদ অভিযানের সময় শ্রমিকরা উচ্ছেদকারীদের  
ওপর ইট পাটকেল ছুঁড়লে পুলিশ গুলি ছোঁড়ে। এতে এক ট্রাকচালক আহত হন।

এ সময় মেয়র আনিসুল হককে বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান ড্রাইভার্স ইউনিয়ন অফিসের  
ভেতরে শ্রমিকরা অবরুদ্ধ করে রাখে। এই অবরুদ্ধ অবস্থায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি  
একথা বলেন।

আনিসুল হক বলেন, ‘সরকারি জমি দখলের অধিকার কারো নেই। রাস্তায় কোনো পার্কিং হবে  
না। ভয় না পেয়ে আমরা এ উচ্ছেদ অভিযান চালিয়ে যাব। ঢাকার রাস্তায় একটাও বাস ও ট্রাকের  
অবৈধ পার্কিং থাকবে না। আমরা এ অভিযান চালিয়ে যাব। আমি এটা করবই।’

বিডি-প্রতিদিন/২৯ নভেম্বর, ২০১৫/মাহবুব